

বিশ্বকাপ

মাহমুদা রুন্না

বাড় তুলেছে
শোর উঠেছে
মন মেতেছে
প্রাণ জেগেছে ।
লাল-সবুজে বিশ্বকাপ ।

ক্রিকেট এখন
শয়ন স্বপন
কথায় গাথায় মস্ত বুনন ।
মস্তধাপে বিশ্বকাপ ।

ফেব্রুয়ারী মাতৃভাষা ।
ফেব্রুয়ারী শত্রুনাশা ।
ফেব্রুয়ারী মত্ত-আশা ।
ফেব্রুয়ারী বিশ্বকাপ ।

দামাল ছেলে
দামাল ছেলে
লক্ষ দোয়া তোমার গলে
যাও এগিয়ে ব্যাস্র-বলে ।
জয়ের রনে বিশ্বকাপ ।

রক্তে আছে সংগ্রামী জিন
মাইতে বাজে বিপ্লবী বীন
সামনে আছে উজ্জ্বল দিন ।
সংহতির এই বিশ্বকাপ ।

লাল-সবুজের ভীষন তেজে
বাংলার বাঘ হিংস্র তেজে
লড়বে তারা বিপুল তেজে
আশার প্রদীপ জ্বলছে তেজে ।
সম্ভাবনার বিশ্বকাপ ।

জোড়সে চলো সোনার ছেলে
জয়ের আলো বক্ষে জ্বলে ।
জয় আনবে সুনিশ্চিত
জগত মাঝে নতুন ভীত ।
লাল-সবুজে বিশ্বকাপ ।